346049 - পাত্রীকে মোহরানা হিসেবে স্বর্ণ কেনার জন্য কিছু অর্থ দিয়েছিল, এরপর বিয়ে ভেঙ্গে যায়

প্রশ্ন

জনৈক পাত্র পাত্রীর পরিবারকে একটা অংকের অর্থ দিয়েছিল বিয়ের প্রস্তাবের সময় সম্পাদিত চুক্তি মোতাবেক কিছু গ্রাম স্বর্ণ কেনার জন্য। বিয়ের আকদ করার দুই বছর আগে এই স্বর্ণ মোহরানা হিসেবে অগ্রিম প্রদান করা হয়; উপহার হিসেবে নয়। কয়েক মাস পরে কিংবা দুই বছর পূর্ণ হওয়ার পূর্বে বিয়ের প্রস্তাবনা বাতিল করা হয়। এখন পাত্র যে অর্থটি প্রদান করেছিল সেটা কি ফেরত নিবে; নাকি স্বর্ণ নিবে? উল্লেখ্য, হতে পারে এর মধ্যে স্বর্ণের দাম বেড়ে গেছে কিংবা কমে গেছে।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এক:

যেমনটি প্রশ্নে উল্লেখ করা হয়েছে যে, এই স্বর্ণ অগ্রিম মোহরানা হিসেবে চুক্তি সম্পন্ন হয়েছে; উপহার হিসেবে নয়; সেক্ষেত্রে বিয়ের প্রস্তাবনা বাতিল করা হলে পাত্রের এই অধিকার রয়েছে যে, তিনি সম্পূর্ণ মোহরানা ফিরিয়ে নিবেন। কেননা বিয়ের আকদ সম্পন্ন হওয়া ছাড়া মেয়ে কোন কিছু পাওয়ার হকদার নয়।

দুই:

আপনার প্রশ্ন: সে কি অর্থের পরিমাণ গ্রহণ করবে; নাকি স্বর্ণ?

এর জবাব হলো: প্রশ্নে উল্লেখ করা হয়েছে যে, "চুক্তি মোতাবেক কিছু গ্রাম স্বর্ণ কেনার জন্য।" এই কথা নির্দেশ করে যে, মোহরানা ছিল স্বর্ণ এবং এর পরিমাণের ব্যাপারে উভয়পক্ষ একমত হয়েছিল। পাত্র তাদেরকে তার প্রতিনিধি বানিয়ে অর্থটি দিয়েছিল যাতে করে তারা তাদের পছন্দসই স্বর্ণ কিনতে পারে। প্রশ্নকারীর দেশে এটাই প্রচলিত রীতি। এটা হলো এক্সচেঞ্জ (নগদ অর্থ দিয়ে স্বর্ণ ক্রয় করা)-এর ক্ষেত্রে প্রতিনিধি বানানো। আলেমদের সর্বসম্মতিক্রমে এ ধরণের প্রতিনিধি বানানো জায়েয।

ইবনুল মুনযির (রহঃ) বলেন:

"আমরা যতজন আলেম থেকে মুখস্ত করেছি তারা সকলে একমত যে, এক্সচেঞ্জের ক্ষেত্রে প্রতিনিধি বানানো

জায়যে।”[আল-ইশরাফ (৮/৩১২) থকেে সমাপ্ত]

উপরোক্ত আলোচনার প্রক্ষেতিে যদি স্বর্ণ কনোর পূর্বইে বয়িরে প্রস্তাবনা বাতলি করা হয় তাহলে লনেদেনে করার পূর্বইে প্রতনিধিত্বি বাতলি হয়ে গলো। সক্ষেত্রে যে অর্থটি পাত্র তাদরেকে দয়িছেলি সটোই তনিি ফরেত নবিনে; স্বর্ণরে দাম বাড়া বা কমার দকিে না তাকয়িে।

ইবনে কুদামা (রহঃ) বলনে:

“প্রতনিধিি বানানো— এটি উভয়রে পক্ষ থকেে একটি জায়যে চুক্তি। মক্কলে (নয়িোগদাতা) যে কোন সময় তার উকলিকে (প্রতনিধিকি) বরখাস্ত করতে পারে এবং উকলি নজিওে যে কোন সময় ইস্তফা দতিে পারনে। কনেনা এ চুক্তটিি হচ্ছে লনেদনে করার অনুমতি। তাই উভয়রে এটি বাতলি করার অধকিার রয়ছে; যমেনভিাবে কউে যদি কাউকে তার খাবার খাওয়ার অনুমতি দয়ে। দুইজনরে একজন মারা যাওয়ার মাধ্যমে কংিবা পাগল হওয়ার মাধ্যমওে প্রতনিধিত্বি বাতলি হয়ে যাব। আমাদরে জানা মতে এ বষিয়গুলো নয়িে কারো দ্বমিত নাই।”[আল-মুগনী (৭/২৩৪)]

আর যদি স্বর্ণ কনিে ফলোর পর প্রতনিধিত্বি বাতলি হয় তাহলে পাত্ররে পাওনা হলো স্বর্ণ; প্রদত্ত অর্থ নয়। কনেনা তারা ক্রয়রে ক্ষত্রেে তার প্রতনিধিি হসিবেে স্বর্ণ কনিে ফলেছে। তাই যনে পাত্র নজিইে সটেি ক্রয় করছে।

আল্লাহই সর্বজ্ঞ।